



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
ই-গভর্নেন্স-২ অধিশাখা  
www.cabinet.gov.bd



স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩৩.৩৪.০০১.১৯.৬৭

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৭  
২৮ সেপ্টেম্বর ২০২০

বিষয়: **জাতীয় তথ্য বাতায়ন যথাযথভাবে হালনাগাদকরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকার ঘোষিত রূপকল্প-২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে জাতীয় তথ্য বাতায়ন (National Portal) অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বর্তমানে মন্ত্রণালয় হতে ইউনিয়ন পর্যায় পর্যন্ত মোট ৩৩,০৫২ টি তথ্য বাতায়ন (পোর্টাল/ওয়েবসাইট) ৫০,৯০৯টি সরকারি অফিস যুক্ত রয়েছে। নাগরিকগণ তথ্য ও অন্যান্য সেবা'র জন্য তথ্য বাতায়নগুলো ব্যবহার করে থাকেন। গড়ে প্রতিদিন প্রায় ১ লক্ষ লোক ওয়েবসাইটসমূহ ব্যবহার করেন। সহসা আরো বিপুল সংখ্যক সরকারি সেবা ওয়েবসাইটে যুক্ত করা হচ্ছে বিধায় ভবিষ্যতে পোর্টাল ব্যবহারকারীর সংখ্যা দ্রুত বৃদ্ধি পাবে।

২। তথ্য অধিকার আইন ২০০৯ (২০০৯ সালের ২০ নং আইন) এর ৪ ধারা অনুযায়ী তথ্য পাওয়া নাগরিকগণের অধিকার। সেজন্য আইনের ৬ ধারায় তথ্য প্রকাশের নির্দেশনা দেয়া হয়েছে এবং তথ্য কমিশনের স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা ২০১৪-তে স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশযোগ্য সকল হালনাগাদ তথ্য প্রদানের নির্দেশনা দেয়া হয়েছে। তাছাড়া সচিবালয় নির্দেশমালা ২০১৪ ও মন্ত্রিপরিষদ বিভাগের ৯/৯/১৫ তারিখে স্মারক নং ১২৮, ০৪/০১/১৮ তারিখের স্মারক নং ১-তে ওয়েবসাইট প্রস্তুত ও ব্যবস্থাপনা সংক্রান্ত অনুশাসন এবং ০৪/০৭/১৯ তারিখের ১৩০ নং স্মারকে সরকারি দপ্তরের ওয়েবসাইটগুলোর অধিকতর উন্নয়ন ও হালনাগাদকরণের নির্দেশনা প্রদান করা হয়েছিল।

৩। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক দপ্তরের ওয়েবসাইটে হালনাগাদ তথ্য/উপাত্ত নেই। ফলে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার চলমান প্রক্রিয়া বাধাগ্রস্ত হওয়ার পাশাপাশি স্বচ্ছতা, জবাবদিহিতা ও শুদ্ধাচার চর্চা ব্যাহত হচ্ছে।

৪। এমতাবস্থায়, নিজ অফিসসহ অধীন/সংযুক্ত অফিস এর ওয়েবসাইট হালনাগাদ রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও মন্ত্রিপরিষদ বিভাগ থেকে সার্বক্ষণিক পরিবীক্ষণ করা হচ্ছে।

২৮-৯-২০২০

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর

যুগ্মসচিব (ই-গভর্নেন্স)

ফোন: ৯৫১৩৩৩৯

ফ্যাক্স: ৯৫১৩৩০২

ইমেইল: js\_eg@cabinet.gov.bd

বিতরণ :

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ২) বিভাগীয় কমিশনার (সকল)
- ৩) জেলা প্রশাসক (সকল)
- ৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল)


স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩৩.৩৪.০০১.১৯.৬৭/১(১১)

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৭  
২৮ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২) অতিরিক্ত সচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ
- ৩) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
- ৪) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

৫) সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ



২৮-৯-২০২০

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর  
যুগ্মসচিব